

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
বান্দরবান পার্বত্য জেলা।  
www.food.bandarban.gov.bd  
http://www.dgfood.gov.bd

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ  
১৯ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

স্মারক নম্বর: ১৩.০৩.০৩০০.০০০.০০০.১৬.০০০৬.২১.২৬২৯

**বিষয়:** চলতি আমন সংগ্রহ, ২০২৫-২৬ মৌসুমে চালকল মালিকগণের সাথে আতপ চালের চুক্তি সম্পাদনের নিমিত্ত আনুষাঙ্গিক কাগজপত্রসহ মিল মালিকদের আবেদনপত্র দাখিলকরণ প্রসঙ্গে।

সূত্র: ১। অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকার ১২/১১/২০২৫ খ্রি. তারিখের ৫৭ নং স্মারক।

২। অভ্যন্তরীণ সংগ্রহ শাখা, খাদ্য অধিদপ্তর, ঢাকার ১৩/১১/২০২৫ খ্রি. তারিখের ৮৪ নং স্মারক।

৩। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম দপ্তরের ১৩/১১/২০২৫ খ্রি. তারিখের ৩৭৬৫ নং স্মারক।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকদের নিকট হতে প্রাপ্ত মিল সার্ভে রিপোর্ট ও প্রতিবেদনের আলোকে অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা-২০১৭ এর নির্দেশনা এবং জেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির ১৮/১১/২০২৫ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা ছাঁটাই ক্ষমতা নির্ধারণ কমিটি কর্তৃক সার্ভে কৃত মিলসমূহের অনুকূলে পাক্ষিক ছাঁটাই ক্ষমতার আলোকে মিলভিত্তিক আমন সংগ্রহ'২০২৫-২৬ মৌসুমে আতপ চালের বিভাজন করা হয়েছে। উক্ত বিভাজন মোতাবেক আগামী ২৭/১১/২০২৫ খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট মিল মালিকের সাথে সরকার পক্ষে জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান পার্বত্য জেলার সাথে অত্র দপ্তরে চুক্তিপত্র সম্পাদন করতে হবে।

চুক্তিপত্র সম্পাদনের নিমিত্ত বরাদ্দকৃত চালের সংগ্রহ মূল্যের (প্রতিকেজি ৪৯.০০/-) ২% জামানত এবং চাল বস্তাবন্দীর জন্য মিলারদের প্রদেয় ৩০ কেজির প্রতিটি খালীবস্তার জামানত মূল্য ৬০.০০ (ষাট) ও ৫০ কেজির প্রতিটি খালীবস্তার জামানত মূল্য বাবদ ৯৫.০০ (পঁচানব্বই) টাকা হিসাবে “**জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান**” এর অনুকূলে তফসীলভুক্ত ব্যাংক হতে আলাদা ০২টি পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক যাচাইকৃত) জমা করতে হবে এবং জমা রশিদ সংশ্লিষ্ট এলএসডি’র ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিতে হবে।

**চুক্তি পত্র সম্পাদনের জন্য প্রয়োজনীয় কার্যপত্রসমূহ :**

- ১। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক সুপারিশকৃত মিল মালিকের স্বাক্ষরিত আবেদন।
- ২। সংশ্লিষ্ট মিলের অক্টোবর/২০২৫ মাসের পরিশোধিত বিদ্যুৎ বিলের সত্যায়িত ফটোকপি।
- ৩। হালনাগাদ ইস্যুকৃত/নবায়নকৃত মিল লাইসেন্সের সত্যায়িত ফটোকপি।
- ৪। প্রকৃত লাইসেন্সধারী মিল মালিকের পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়িত ছবি।
- ৫। মিল মালিকের নামে ক্রয়কৃত ৩০০/- (তিনশত টাকা) মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্প ও কার্টিজ পেপার।
- ৬। বরাদ্দকৃত আতপ চালের সংগ্রহ মূল্য প্রতিকেজি ৪৯.০০ (উনপঞ্চাশ টাকা) হিসাবে ২% হারে জামানত ও প্রয়োজনীয় সংখ্যক খালীবস্তার জন্য জামানত পৃথক ২(দুই)টি (সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক যাচাইকৃত) পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংশ্লিষ্ট তফসীলভুক্ত ব্যাংক হতে জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান এর অনুকূলে জমা দিতে হবে।

১৯-১১-২০২৫  
সুপ্রকাশ চাকমা  
জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)  
dcf.bbn@dgfood.gov.bd

মেসার্স/জনাব .....

..... লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।

স্মারক নম্বর: ১৩.০৩.০৩০০.০০০.০০০.১৬.০০০৬.২১.২৬২৯/১ (১০)

তারিখ: ৪ অগ্রহায়ণ ১৪৩২ বঙ্গাব্দ  
১৯ নভেম্বর ২০২৫ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, বান্দরবান পার্বত্য জেলা।
- ৪। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
- ৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, লামা/আলীকদম/নাইক্ষ্যংছড়ি, বান্দরবান পার্বত্য জেলা।
- ৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, লামা/আলীকদম/আজিজনগর এলএসডি, বান্দরবান পার্বত্য জেলা।
- ৮। কারিগরী খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর, বান্দরবান পার্বত্য জেলা।
- ৯। খাদ্য পরিদর্শক, লামা/আলীকদম, বান্দরবান পার্বত্য জেলা।
- ১০। অফিস, নথি।



A handwritten signature in black ink, located on the right side of the page, above the date and name.

১৯-১১-২০২৫

সুপ্রকাশ চাকমা

জেলা খাদ্য নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)